



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।
ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd



নং প্রকা/সিএল-৩/২০২০-২০২১/১৬১

তারিখঃ ২৭-১২-২০২০

উপ-মহাব্যবস্থাপক
বৈদেশিক বাণিজ্য/ঋণ সেকশন
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা,
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ৩১-১২-২০২০ সূত্র তারিখ ভিত্তিক ৫০তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণীবিন্যাস ও প্রভিশনিং এর নীতিমালা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ২৩-০৯-২০১২, ২৭-১২-২০১২, ২৯-০৫-২০১৩, ১৮-১১-২০১৪, ০২-০৮-২০১৫, ২৭-০৯-২০১৭, ২১-০৪-২০১৯, ১৯-০৩-২০২০, ১৫-০৬-২০২০ এবং ২৮-০৯-২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং যথাক্রমে ১৪, ১৯, ০৫, ১৬, ০৮, ১৫, ০৩, ০৪, ১৩ ও ১৭ এর নির্দেশনার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে জারীকৃত ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ০২-১২-২০১২, ৩১-১২-২০১২, ০২-০৬-২০১৩, ২৩-১১-২০১৪, ২৩-০২-২০১৬, ০৩-০৪-২০১৬, ০৯-১০-২০১৭, ১২-০৫-২০১৯, ২৫-০৩-২০২০, ২১-০৬-২০২০ ও ১১-১০-২০২০ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/২৩৫, ২৬৬, ৪২০, ২১২, ৫৩৬, ৫৯৮, ৪০০, ৪০৪, ২৩৫, ২৬৯ ও ১১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উপরোক্ত পরিপত্র/পত্র এবং এতদসংক্রান্ত অন্যান্য নীতিমালা ও নির্দেশনা অনুসরণপূর্বক ব্যাংকের সকল শাখায় বিদ্যমান ঋণ স্থিতির আসন্ন ৩১ ডিসেম্বর, ২০২০ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী প্রস্তুত করে ঋণের সঠিক স্ট্যাটাস ও প্রভিশন নির্ণয় পূর্বক সংকলিত সিএল-১ বিবরণী ২৫-০১-২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য ৫০তম ঋণ শ্রেণীবিন্যাস কার্যক্রম যথাসময়ে আরম্ভ করা প্রয়োজন।

০২। সিএল প্রতিবেদন সঠিক ও নির্ভুলভাবে প্রণয়নের লক্ষ্যে বর্ণিত পরিপত্রসমূহের নির্দেশনার আলোকে অনুসরণযোগ্য বিষয়াদি সংক্ষেপে নিম্নরূপ :

(ক) ২৮-০৯-২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং- ১৭ অনুযায়ী ০১ জানুয়ারী ২০২০ তারিখে ঋণ/বিনিয়োগের শ্রেণীমান যা ছিল, আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সময়ে উক্ত ঋণসমূহ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না। তবে কোন ঋণের/বিনিয়োগের শ্রেণীমানের উন্নতি হলে তা যথাযথ নিয়মে করতে হবে। শাখার মেয়াদী (স্বল্প মেয়াদী কৃষি ঋণ ও ক্ষুদ্রঋণসহ) ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে ০১ জানুয়ারী ২০২০ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২০ সময়কালীন প্রদেয় কিস্তিসমূহ জানুয়ারী/২০২১ হতে দেয় তারিখ পরিবর্তনের মাধ্যমে পুনঃনির্ধারন করতে হবে। তাছাড়া শাখার ০১ জানুয়ারী ২০২০ তারিখে বিদ্যমান চলমান ও তলবী ঋণ/বিনিয়োগসমূহ এবং উক্ত তারিখ হতে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সময়ে সৃষ্ট তলবী ঋণ/বিনিয়োগ এর মেয়াদ/সমন্বয়ের তারিখ বিদ্যমান মেয়াদ হতে ১২(বার) মাস বা ৩১ ডিসেম্বর ২০২০ (যেটি আগে ঘটে) পর্যন্ত বৃদ্ধি পাবে।

(খ) ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৭-১২-২০২০ তারিখের পত্র নং-১৫৬ মূলে প্রেরিত বাংলাদেশ ব্যাংকের ১০-১২-২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৬ এর মাধ্যমে কিস্তি পরিশোধ/সমন্বয়ের জন্য বর্ধিত সময়ের সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরে উক্ত সার্কুলার লেটারের সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(গ) ৩১-১২-২০২০ সূত্র তারিখ ভিত্তিক শাখার সকল অনাদায়ী ঋণ হিসাবের তথ্য পত্রের সাথে সংযুক্তাকারে প্রেরিত CL_DEC20 নামক এক্সেল ফাইলে এন্ট্রির মাধ্যমে সম্পূর্ণ সিএল বিবরণী প্রস্তুত করে অবশ্যই ০৫/০১/২০২১ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ের ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে ই- মেইলযোগে প্রেরণ করতে হবে। ইতোপূর্বে প্রেরিত কোন এক্সেল ফাইলে সিএল বিবরণী প্রস্তুত করে প্রেরণ করলে তা কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

(ঘ) ৩১-১২-২০২০ সূত্র তারিখ ভিত্তিক সিএল-১ বিবরণী টাকার অংকে (পয়সা বাদে) সঠিক ও নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক সংকলিত সিএল-১ বিবরণী বাংলাদেশ ব্যাংকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে প্রস্তুতকৃত বিবরণীতে প্রদত্ত তথ্যের সঠিকতা নিশ্চিত হয়ে প্রস্তুতকারী, ২য় কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপক নামের সীলসহ স্বাক্ষর করবেন।

(ঙ) বাংলাদেশ ব্যাংক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী তথ্য উপস্থাপনের জন্য এতদসাথে সংযুক্ত annexure_dec20 নামক এক্সেল ফাইলে 'ক' ও 'ঘ' হকে টাকার অংকে (পয়সা বাদে) এবং খ ও গ হকে লক্ষ টাকার অংকে বিবরণী প্রস্তুত করতে হবে।

চলমান পাতা/০২

(ঢ) **Annexure_dec20** নামক এক্সেল ফাইল KA, KHA, GA এবং GHA নামক চারটি শীট আছে, এই শীটসমূহ পূরণপূর্বক সফট কপি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। অঞ্চলসমূহ সকল ছক পূরণপূর্বক তাদের সংকলিত ছকের সফট কপি ই-মেইলযোগে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে অবশ্যই ০৭-০১-২০২১ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিত করবে। স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা ০৭-০১-২০২১ তারিখের মধ্যে **Annexure_dec20** নামক এক্সেল ফাইলসহ স্ব-স্ব সিএল বিবরণীর সঠিকতা নিশ্চিত হয়ে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে ই-মেইলযোগে পৌঁছানো নিশ্চিত করবে।

(ছ) সিএল-১ বিবরণীতে Small & Medium Enterprise Financing (SMEF) খাতে প্রদর্শিত ঋণ স্থিতি এবং শাখা/অঞ্চল হতে এসএমই বিভাগে প্রেরিত SME (এসএমই) ঋণের বিবরণীতে প্রদর্শিত ঋণ স্থিতি অবশ্যই এক হতে হবে। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনা ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৭-০৭-২০১৩ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/সিএল-৩/২০১২-১৩/৪৫৪(১২৫০) এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে।

(জ) শাখার সিএল-১ বিবরণী এবং বৈষয়িক বিবরণীতে (এসিএফ/৩৭) প্রদত্ত মোট অনাদায়ী ঋণ, স্থগিত সুদ ও কর্মচারী ঋণের পরিমাণ হুবহু এক এবং সঠিক থাকতে হবে। সূত্র তারিখে অবশ্যই ১০১৬ (বিনিময় বিল হিসাব), ১০১৭ (বৈদেশিক বিল ক্রয় হিসাব) সহ সকল ঋণ হিসাব খাতের সিএল বিবরণী প্রস্তুত করতে হবে। তাছাড়া সূত্র তারিখে কোন অবস্থাতেই সিসি ঋণ বা অন্য কোন ঋণের ক্রেডিট ব্যালেন্স রাখা যাবে না এবং ক্রেডিট ব্যালেন্সের সিএল বিবরণী প্রস্তুত করা যাবে না।

(ঝ) প্রতিটি ঋণ হিসাবের Date of expiry/Claim Date/Due Date/Reschedule Date/Date of First Repayment Due সঠিকভাবে Input দিতে হবে যাতে করে ঋণটি সঠিকভাবে স্ট্যাটাসভুক্ত হয়।

(ঞ) Computerised শাখাসমূহকে অবশ্যই সকল ঋণ হিসাবের CL Marking (SS/DF/BL) সঠিকভাবে করতে হবে।

(ট) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যক্তি ঋণগ্রহীতার ক্ষেত্রে সিএল- ২,৩ ও ৪ ছকের ২ নং কলামে Name of borrower এর পাশে এবং সিএল-৫ ছকের ২ নং কলামে Loan Identification No এর পাশে ঋণগ্রহীতার জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) লিপিবদ্ধ করতে হবে।

(ঠ) অত্র বিভাগের ১৮-০৫-২০২০ তারিখে মাঠপর্যায়ে জারীকৃত পত্র নং- প্রকা/সিএল-২১(নিরীক্ষা)/২০১৯-২০/২৪৩(১১০০) এর নির্দেশনা অনুযায়ী সকল ঋণ ও অগ্রিমের যথাযথভাবে শ্রেণীকরণপূর্বক এর বিপরীতে বিধি-বিধান অনুযায়ী সংস্থান রাখার বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

০৩। বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ কর্তৃক ঋণ শ্রেণীবিন্যাস ও প্রতিশোধন নীতিমালা সংক্রান্ত ০৫-০৩-২০১৩ তারিখে জারীকৃত এসিএফআইডি সার্কুলার লেটার নং-১ এর নির্দেশনা মোতাবেক অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এবং অনূর্ধ্ব ১২ মাসের মধ্যে পরিশোধযোগ্য যে কোন ক্ষুদ্র ঋণ (Micro-Credit) স্বল্পমেয়াদী ক্ষুদ্র ঋণ (Short-term Micro-Credit) হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনা ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১২-০৩-২০১৩ তারিখের পত্র নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/৩৩৬ এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে।

০৪। বৈষয়িক বিবরণীর (এসিএফ/৩৭) ১২ নং হিসাব খাতের (Customers Liabilities as per Contra) ১২১, ১২৩, ১২৬ এবং ১২১৩ থেকে ১২৩৬ পর্যন্ত হিসাব উপ-খাতসমূহের স্থিতির যোগফল সিএল-১ বিবরণীর Off-Balance Sheet Exposure খাতের ২ নং (Total) কলামে প্রদর্শন করতে হবে।

০৫। ঋণ আদায় বিভাগের ৩১-০৫-২০০১ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-৩১/২০০১ এর সিদ্ধান্ত অনুযায়ী স্টাফ লোন বা কর্মচারী ঋণ শ্রেণীবিন্যাস করতে হবে না। তবে সংশ্লিষ্ট সকল শাখা/কার্যালয়কে বৈষয়িক বিবরণীর (এসিএফ/৩৭) ১০১৩ হিসাব খাতের স্টাফ লোনের মোট পরিমাণ সিএল-১ এর স্টাফ লোন খাতের ২নং (Total) কলামে অন্তর্ভুক্ত করতে হবে। তাছাড়া ব্যাংকের সাধারণ ঋণ কর্মসূচীর আওতায় কোন কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণ করে থাকলে তা যথাযথ নিয়মে শ্রেণীবিন্যাস করতে হবে।

০৬। সিএল-১ বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য মাঠ পর্যায়ের সিএল বিবরণী প্রস্তুতকরণ কার্যাবলী তদারকী প্রয়োজন। এ কারণে ৩১-১২-২০২০ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী সঠিকভাবে প্রস্তুত/পরীক্ষা করার জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয় এবং সকল কর্পোরেট শাখার ২/৩ জন কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব প্রদান করে তাদের নাম, পদবী এবং মোবাইল নম্বর সম্বলিত তালিকা ২৯-১২-২০২০ তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণ করতে হবে।

০৭। ৩১ ডিসেম্বর, ২০২০ সূত্র তারিখে ব্যাংকের সকল ঋণ ও অগ্রিম (বিলসহ) এর খাত (ক্যাটাগরী) অনুসারে কোন্ প্রকারের ঋণের জন্য কোন্ সিএল ফরম পূরণ করতে হবে, মেয়াদোত্তীর্ণের সময়কাল/Period of arrears অনুসারে ঋণটি কোন্ স্ট্যাটাসভুক্ত হবে এবং প্রতিশোধন হার কত হবে তা সংযুক্তি-১ এ দেখানো হলো। গুণগত মাপকাঠির ক্ষেত্রে বর্তমানে বলবৎ নীতিমালা অনুসরণীয়।

০৮। অত্র ব্যাংকের ভাবমূর্তি অক্ষুন্ন রাখার লক্ষ্যে প্রধান কার্যালয় হতে তাগিদ পত্র পাওয়ার অপেক্ষা না করে নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুল সিএল বিবরণী প্রস্তুত ও দাখিলের কাজে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ সক্রিয় ভূমিকা পালন করে ০১ জানুয়ারী, ২০২১ থেকেই তদারকীসহ শাখাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ/সহযোগিতা প্রদান করবেন।

চলমান পাতা/০৩





০৯। শাখার কোন ঋণের শ্রেণীকরণ অথবা প্রভিশন এর বিষয়ে বিশেষ কোন নির্দেশনা থাকলে, এ বিষয়ে উক্ত শাখাকে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।

১০। ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৩-০৬-২০১০ এবং ০৫-০৬-২০১৬ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-২১(নিরীক্ষা)/২০০৯-১০/২৭৯(১২৫০) ও ৬৬৩ এর নির্দেশনা মোতাবেক শ্রেণীকৃত ঋণের প্রকৃত চিত্র প্রদর্শন না করা, শ্রেণীযোগ্য ঋণ শ্রেণীকরণ না করা এবং যথামানে শ্রেণীকরণ না করাসহ পত্র উল্লেখিত সিএল বিবরণী প্রস্তুতকরণে উত্থাপিত বিভিন্ন অনিয়মের জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে ব্যাখ্যা তলবসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ ব্যাংককে অবহিত করার বিধান বহাল রয়েছে। তাই বর্ণিত পত্র উল্লেখিত অনিয়ম যাতে কোন অবস্থাতেই না ঘটে তা নিশ্চিত করতে হবে।

১১। সূত্র তারিখ পরবর্তী ২৫ দিনের মধ্যে সংকলিত সিএল-১ বিবরণী বাংলাদেশ ব্যাংক দাখিল করার নির্দেশনা রয়েছে। বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে প্রতিদিনের জন্য ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা দন্ড আরোপের বিধান বলবৎ আছে। তাই নির্ধারিত তারিখের মধ্যে সঠিক ও নির্ভুল বিবরণী প্রেরণে ব্যর্থ হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত দন্ডের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখাসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের উপর বর্তাবে। এ কারণে শাখা থেকে এক্সেল ফরমেটে প্রস্তুতকৃত সিএল বিবরণীর সফট কপি ই-মেইলযোগে অবশ্যই ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে অত্র বিভাগে ই-মেইলযোগে সর্বশেষ ০৭-০১-২০২০ তারিখের মধ্যে সংকলিত Annexure ফাইলের সফট কপি ই-মেইলযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। পত্রটি সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ জরুরী ভিত্তিতে তাঁদের আওতাধীন সকল শাখায় প্রেরণ করবেন। উল্লেখ্য, সিএল বিবরণী এক্সেল ফরমেটে প্রস্তুতকরণে সহায়ক হিসাবে Excel_Guideline নামক নির্দেশিকা এতদসাথে প্রেরণ করা হলো। ডাটা এন্ট্রির কাজ শুরু করার পূর্বে নির্দেশিকা অবশ্যই ভালোভাবে পড়ে যথাযথভাবে অনুসরণ করে এক্সেল ফরমেটে পূরণ করতে হবে। শাখা পর্যায়ে এক্সেল ফরমেটে সিএল বিবরণী প্রস্তুত কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো। প্রয়োজনে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে যোগাযোগ করা যেতে পারে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কোন শাখা এক্সেল ফরমেটে সিএল বিবরণী প্রস্তুত করে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণের পর ফাইলটিতে কোনরূপ পরিবর্তন/সংশোধন হলে অবশ্যই ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের সাথে যোগাযোগ করে পুনরায় এক্সেল ফাইলটি প্রেরণ করতে হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,


(মুহম্মদ সাজ্জাদ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

তারিখ : - ঐ -

নং-প্রকা/সিএল-৩/২০২০-২১/১৬১(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। সকল সংযুক্তিসহ পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


২৪/১২/২০
মোহাম্মদ শামসুল আলম
(উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা)

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ

সংযুক্তি - ১

ব্যাংকের সকল ঋণ ও আগামের ক্যাটাগরী, ব্যবহারযোগ্য ফরম, ঋণ শ্রেণীবিন্যাসের ধরণ, প্রতিশ্রুতি ইত্যাদি সংক্রান্ত তথ্যাবলীঃ

ক্রঃ নং	ঋণ ও অগ্রিমের খাত (ক্যাটাগরী)	ঋণ অপরিশোধিত থাকার সময়কাল	শ্রেণীবিন্যাসের ধরণ	প্রতিশ্রুতির হার
১	২	৪	৫	৬
১	চলমান ঋণ (সিএল- ২) : সাধারণত বৈষয়িক বিবরণীর ১০১৪ ও ১০২০ হিসাব খাতের এবং ঋণের প্রকৃতি অনুসারে অন্য হিসাব খাতের টাকা (যদি থাকে)।	ক) CMSME ঋণের ক্ষেত্রে : ২ মাসের কম সময় ২ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৬ মাসের কম সময় ৬ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১৮ মাসের কম সময় ১৮ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৩০ মাসের কম সময় ৩০ মাস বা তদুর্ধ্ব সময়। খ) CMSME ব্যতীত অন্য সকল ঋণের ক্ষেত্রে : ২ মাসের কম সময় ২ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৩ মাসের কম সময় ৩ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১২ মাসের কম সময় ১২ মাস বা তদুর্ধ্ব সময়।	অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ	০.২৫% ০.২৫% ৫% ২০% ১০০% ১% ১% ২০% ৫০% ১০০%
২	তলবী ঋণ (সিএল- ৩) : সাধারণত বৈষয়িক বিবরণীর ১০১৫, ১০১৬, ১০১৭, ১০২১, ১০২২ ও ১০২৪, ১০২৫ ও ১০২৭ হিসাব খাতের এবং ঋণের প্রকৃতি অনুসারে অন্য হিসাব খাতের টাকা (যদি থাকে)।	২ মাসের কম সময় ২ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৩ মাসের কম সময় ৩ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১২ মাসের কম সময় ১২ মাস বা তদুর্ধ্ব সময়।	অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ	১% ১% ২০% ৫০% ১০০%
৩	মেয়াদী ঋণ (সিএল- ৪) :	ক) CMSME ঋণের ক্ষেত্রে : ৮ মাসের কম সময় ৮ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১২ মাসের কম সময় ১২ মাস বা তদুর্ধ্ব কিন্তু ২৪ মাসের কম সময় ২৪ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৩৬ মাসের কম সময় ৩৬ মাস বা তদুর্ধ্ব সময়। খ) CMSME ব্যতীত অন্য সকল ঋণের ক্ষেত্রে : ৮ মাসের কম সময় ৮ মাস বা তদুর্ধ্ব কিন্তু ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১৫ মাসের কম সময় ১৫ মাস বা তদুর্ধ্ব কিন্তু ১৮ মাসের কম সময় ১৮ মাস বা তদুর্ধ্ব সময়।	অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ	০.২৫% ০.২৫% ৫% ২০% ১০০% ১% ১% ২০% ৫০% ১০০%
৪	স্বল্প মেয়াদী কৃষি ঋণ ও ক্ষুদ্র ঋণ (মাইক্রোক্রেডিট) (সিএল- ৫) :	১২ মাস পর্যন্ত সময় ১২ মাসের উর্ধ্ব কিন্তু ৩৬ মাস পর্যন্ত সময় ৩৬ মাসের উর্ধ্ব কিন্তু ৬০ মাস পর্যন্ত সময় ৬০ মাসের উর্ধ্বের সময়।	অশ্রেণীকৃত নিম্নমান সন্দেহজনক মন্দ	১% ৫% ৫% ১০০%
৫	স্টাফ লোন ও আগামের ক্ষেত্রেঃ (বৈষয়িক বিবরণীর ১০১৩ হিসাব খাতের টাকা)।	স্টাফ লোন শ্রেণীবিন্যাস করতে হবে না। তবে শাখার বৈষয়িক বিবরণীর ১০১৩ খাতের স্টাফ লোনের মোট পরিমাণ সিএল- ১ এর স্টাফ লোন খাতের ২নং কলামে অন্তর্ভুক্ত করতে হবে।		
৬	অশ্রেণীকৃত (Standard) এবং অশ্রেণীকৃত (SMA) হিসেবে শ্রেণীবিন্যাসিত ঋণের ক্ষেত্রে Consumer Financing (CF) খাতে ২%, Housing Finance (HF) খাতে ১% এবং Loans for Professionals to set-up business (LP), Loans to BHs/MBs/SDs খাতে ২% হারে general provision নির্ণয় করতে হবে। এছাড়া Off Balance Sheet Exposure এর ক্ষেত্রে ১% হারে প্রতিশ্রুতি নির্ণয় করতে হবে।			